



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৩৫/ ৬৫২১/৬

তারিখ: ২.০৬.২০২০খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র: ১। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১৬৫.০০০.৪১.০১৫.২০২০-১৫৫; তারিখ: ১৮/০২/২০২০  
 ২। জেলা প্রশাসক কার্যালয়ের স্মারক নং-০৫.৪৫.৬১০০.০২৩.০৯.০০১.১৯.১৮০; তারিখ: ১০/০৩/২০২০  
 ৩। প্রতিমন্ত্রী মহোদয়ের ডিও লেটারের স্মারক নং-৪৩.০০.০০০০.১৩১.৩১.০০১.২০.১৩৬; তারিখ: ২৪/০৩/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন বড়গ্রাম মহিউদ্দিন আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলীর বিরুদ্ধে দুর্নীতি, জালিয়াতি, বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাৎ, স্বেচ্ছাচারিতা, নৈতিক চরিত্র অবক্ষয়, ১৪ বছর বয়সে চাকুরিত যোগদান, যোগদানের স্বপক্ষে কোন নিয়োগ বিজ্ঞপ্তি ও নীতিমালা প্রদর্শন করতে না পারা, আলিম ও ফাজিল পরীক্ষায় তৃতীয় বিভাগ, প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের সঠিক হিসাব নিরূপন না রাখা সহ বিভিন্ন অভিযোগের বিষয়ে এলাকাবাসীর পক্ষে জনাব মো: সিদ্দিকুজ্জামান, চেয়ারম্যান, ২নং বড়গ্রাম ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ, মুক্তাগাছা অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন।

উক্ত অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ১ ও ২নং স্মারকের মাধ্যমে তদন্তকারী কর্মকর্তাগণ তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্তকারী কর্মকর্তাদের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়-অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলী ১৪ বছর বয়সে চাকুরিতে যোগদান করেন কিন্তু যোগদানের স্বপক্ষে কোন নিয়োগ বিজ্ঞপ্তি ও নীতিমালা দাখিল করতে পারেননি। তার দাখিলকৃত সনদে আলিম ও ফাজিল পরীক্ষায় তৃতীয় বিভাগ রয়েছে যা নিয়োগ বিধির সাথে সাংঘর্ষিক। বর্ণিত প্রতিষ্ঠানের জমি লিজ গ্রহিতার সাথে অধ্যক্ষের বক্তব্য অসংগতিপূর্ণ। বর্ণিত প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাবের কোন রেজিস্ট্রার পাওয়া যায়নি। প্রতিষ্ঠানের সাধারণ তহবিল এবং রিজার্ভ ফান্ড নিয়ম বহির্ভূতভাবে পরিচালিত হচ্ছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলীর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৪৬ এর (৬) ধারা মোতাবেক কেন তাঁর এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২.০৬.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

২/৬/২০২০

০/৮

প্রাপক: অধ্যক্ষ, বড়গ্রাম মহিউদ্দিন আলিম মাদ্রাসা  
ডাকঘর: খামারের বাজার, উপজেলা: মুক্তাগাছা, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৩৫/ ৬৫২১/৬

তারিখ: ২.০৬.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৩. জেলা শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৫. জনাব মো: সিদ্দিকুজ্জামান (অভিযোগকারী), চেয়ারম্যান, ২নং বড়গ্রাম ইউনিয়ন পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৬. সভাপতি, বড়গ্রাম মহিউদ্দিন আলিম মাদ্রাসা  
ডাকঘর: খামারের বাজার, উপজেলা: মুক্তাগাছা, জেলা: ময়মনসিংহ।
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

২/৬/২০২০

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

২/৬/২০২০